

## পুস্তক সমালোচনা

চক্রী ও চক্রান্ত - অসীমকুমার ঘোষ।

প্রকাশক : পুঁথি-পত্র, ১৯৮, কর্ণওয়ালিশ স্ট্রীট, কলি-৬

পরিবেশক : গ্রন্থ-জগৎ, ৬, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট, কলি-১২

মূল্য দু'টাকা।

ছোট ছোট ঘটনাকে জড়ো করে লেখক সৃষ্টি করেছেন এই রোমাঞ্চকর কাহিনী—“চক্রী ও চক্রান্ত”। জটিল হত্যার হত্যার ধবর নিয়ে বিমলেন্দুবাবু যখন ছুটে আসে সন্দের গোয়েন্দা সমীরের কাছে। তখন সমীর তাঁর অনুসন্ধান এড়াতে পারে না, হত্যাকারীকে খুঁজে বার করার দায়িত্ব তাকে নিতে হয় চালু হয় অনুসন্ধান কার্যের পদ্ধতি। এই স্রোতে লেখক সৃষ্টি করলেন এখানে দু'জন ছদ্মবেশী মধুকে। চারিদিকে বিভ্রান্তির সূচনা হ'তে লাগল। সজ্জন স্বল্পভাষী জটিলহত্যার হত্যাকারী কে? প্রকৃত ছদ্মবেশী মধুই বা কে? এরূপ নানা সমস্যার জটিলতায় সমীর বিব্রত হয়ে পড়ে। শেষে নিজের নিষূদ্ধিতার জন্তে এক সময় ধরা পড়ে ছদ্মবেশী মধু যে প্রকৃত মধুর নাম ভাঁড়িয়ে চারিদিকে উচ্ছ্বালতার সৃষ্টি করে বেড়াচ্ছিল। চতুর মধু নিরুপায় দেখে তার বহুশ্রমক বাড়ীতে ক'রলে অগ্নি সংযোগ। প্রকৃত মধুকে পাওয়া গেল বটে, কিন্তু তার আগুনে ঝলসানো বীভৎস রূপ তখন মুহূর্তকে করেছে আলিঙ্গন।

বইখানির সারাংশ এই। নিজের বুদ্ধির জটিলতায় হোক বা কাহিনীর উৎকর্ষতা লাভের জগুই হোক, লেখক এখানে প্রতি পদে যে সব ঘটনার অবতারণা করেছেন তা সত্যই চমকপ্রদ, বিস্ময়কর। কিন্তু স্থানে স্থানে আবার অতি ঘটনার বিস্তারে তাঁর অসংযমী মনের পরিচয় দিয়েছেন। কিছু ভুল, কিছু ভুলিয়ে রাখার রসদ জুগিয়েও সার্থকতা লাভ ক'রতে তিনি পারলেন না—দুঃখ রইল এই।

শিল্পী দেবব্রত মুখোপাধ্যায়ের আঁকা প্রচ্ছদপটট সুলভ। ছাপা ও বাঁধাই ভাল।

—ঝরাপাতা

বাড় থামবে—শ্রীপারাবত। প্রকাশক—গ্রন্থজগৎ, ৬, বঙ্কিম চট্টোপাধ্যায় স্ট্রীট, কলিকাতা-১২। দাম—আড়াই টাকা।

অনেক দিন পরে একটা মনের মত বই হাতে এলো নবীন সাহিত্যিক শ্রীপারাবতের লেখা। অপূর্ব এর কাহিনী! মনোরম এর ঘটনা। পড়তে পড়তে কোথাও হেঁচট খেতে হয় না। প্রতি পাতায় বাস্তব এবং রূঢ় অভিজ্ঞতার স্বাক্ষর রয়েছে। যে স্বাক্ষর প্রতি পাঠক কিংবা পাঠিকাকে শোনাবে বিনয় ঘোষের করুণ জীবনের বেদনা-মধুর অভিজ্ঞতার নির্মম কাহিনী। বিনয় শুধু নিজেকে দিয়ে নিজেকে দেখেনি বা বোঝেনি, সে দেখেছে গৌঁসাহজীকে, ছবিকে, বোষ্টমীকে, বাবাকে, মাসিকে। রমানাথ, মদন, বাদল এরাও বাদ যারনি! এরপর তো আছে আরও।...

আঘাতে আঘাতে বিনয়ের বুক ক্ষত বিক্ষত হয়ে যাচ্ছে। তবুও সে ভাঙেনি, তবুও তাঁর চোখ দিয়ে ঝরেনি নিদারুণ দুঃখের অসহায় চিহ্ন যেটা ছিল ওর পক্ষে স্বাভাবিক।

বই শেষ করে ভাবতে হবে, তারপর...? কেন সে এ শক্তি পাচ্ছে? কি তাঁর অপরাধ? এখানে শ্রীপারাবতকে বারবার স্মরণ করতে হবে তাঁর নিরুত্তরের জগু।

ছাপা বাঁধাই ভাল। শিল্পী দেবব্রত মুখোপাধ্যায়ের আঁকা প্রচ্ছদপট নতুন দৃষ্টিভঙ্গি সৃষ্টি হয়েছে!

পশ্চেষ্টে বলি, এ বই উপহার দিলে দু'জনের কাউকেই ঠকতে হবে না।

শ্রী অসীমকুমার ঘোষ,